

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

০১.১৪১৮

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭০.২০১১-

তারিখ : _____

০৬.০৪.২০১১

বিষয় : ডাঃ এস এম এ জুলকার নাইন (১২২২৭২), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফরিদপুর পাবনা এর চাকুরী কেন অবসান ঘটানো হবে না মর্মে কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু আপনি ডাঃ এস এম এ জুলকার নাইন (১২২২৭২), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফরিদপুর পাবনা স্বাস্থ্য অধিদপ্তরের ১ম শ্রেণীর (নন-ক্যাডার মেডিকেল) কর্মকর্তা নিয়োগ বিধিমালা, ২০১০ এর আওতায় উত্তীর্ণ হয়ে সহকারী সার্জন হিসেবে গত ০১.০৭.২০১০ তারিখে সরকারী চাকুরীতে যোগদান করেন। আপনি গত ২২.০৭.২০১০ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

২। স্বাস্থ্য অধিদপ্তরের ১ম শ্রেণীর (নন-ক্যাডার মেডিকেল) কর্মকর্তা নিয়োগ বিধিমালা, ২০১০ নিম্নরূপ :

৫(৩) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসীর মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভবনা সেই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ-

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারে।

নিয়োগ বিধিমালার উক্ত শর্ত মোতাবেক আপনি ০২(দুই) বছর শিক্ষানবিশকাল শেষ না করে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; যাতে আপনার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়েছে; এবং

৩। যেহেতু আপনার এ অননুমোদিতভাবে অনুপস্থিতি প্রশাসনিক শুংখলা পরিপন্থি এবং এ কারণে আপনি সরকারি চাকুরীতে বহাল থাকার অনুপযোগী বিবেচিত হওয়ায় নিয়োগপত্রের শর্ত মোতাবেক আপনার চাকুরী অবসানযোগ্য; এবং

৪। এক্ষণে, সেহেতু, স্বাস্থ্য অধিদপ্তরের ১ম শ্রেণীর (নন-ক্যাডার মেডিকেল) কর্মকর্তা নিয়োগ বিধিমালা, ২০১০ এর ৫(৩)(খ) মোতাবেক কেন আপনার চাকুরীর অবসান ঘটানো হবে না এ নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট তাঁর কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। একই সাথে আপনি ব্যক্তিগত খনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হলো। আপনার নিকট থেকে কোন জবাব পাওয়া না গেলে বা জবাব সন্তোষজনক না হলে ২নং অনুচ্ছেদের আলোকে ব্যবস্থা নেয়া হবে।

(এ. কে. এম. আমির হোসেন)
অতিরিক্ত সচিব

ডাঃ এস এম এ জুলকার নাইন (১২২২৭২)

সহকারী সার্জন

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স

ফরিদপুর, পাবনা

(স্থায়ী ঠিকানা- ফ্যাট-৪০৩, ক-৩২/১, নর্দা, বাড়িধারা, ঢাকা)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭০.২০১১- ৪৯০/১ (১)

তারিখ : ০৬.০৪.২০১১ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)

২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)

৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৪। সিভিল সার্জন, পাবনা (অভিযুক্ত কর্মকর্তাকে তার স্থায়ী ঠিকানায় পাওয়া না গেলে নোটিশটি লটকায় জারিপূর্বক জারীর প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)

৫। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফরিদপুর, পাবনা

(মোঃ সাইদুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৭১৭২২৫২

sasdisc1@mohfw.gov.bd